তারিখ 2[illegible] DEC 1995
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

দৈনিক সংবাদ

৪৫

# জাতীয় গ্রন্থকেন্দ্রের নয়া পরিচালক

(নিজস্ব বার্তা পরিবেশক)

গ্রন্থ ও গ্রন্থাগার উন্নয়ন সম্পর্কিত জাতীয় প্রতিষ্ঠান' জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কে এম হাবিবুল্লাহকে সংস্থাপন মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে। তার স্থলে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের পরিচালক ওসমান গনিকে গ্রন্থকেন্দ্রের পরিচালক নিযুক্ত করা হয়েছে।

গত মঙ্গলবার বিকেলে গ্রন্থকেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে কে এম হাবিবুল্লাকে বিদায় সংবর্ধনা জানানো হয়।

এদিকে দেশের বিশিষ্ট প্রকাশকরা পক্ষকালব্যাপী জাতীয় গ্রন্থমেলা শুরুর মাত্র ৫ দিন আগে হঠাৎ জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালককে বদলি করায় ক্ষোভ প্রকাশ করেছেন। উল্লেখ্য, জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে আগামী ১লা জানুয়ারি বিজয় সরণীতে গ্রন্থমেলা শুরু হচ্ছে।